



আসিফ মাহমুদের ফেসবুক পোস্ট ভারতে নিষিদ্ধের অভিযোগ



ছবি: সংগৃহীত

ভারতে আটক আন্দোলনকারীদের মুক্তি চেয়ে দেওয়া ফেসবুক পোস্ট দেশটিতে নিষিদ্ধ করা হয়েছে বলে অভিযোগ করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) মুখপাত্র আসিফ মাহমুদ সজীব ভূঁইয়া। একই সঙ্গে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে ভারতীয় একটি রাজনৈতিক দলের বট অ্যাকাউন্ট থেকে তাঁকে লক্ষ্য করে গালাগাল করা হচ্ছে বলেও অভিযোগ করেছেন তিনি।

রোববার (১১ অক্টোবর) রাতে নিজের ফেসবুক প্রোফাইলে দেওয়া এক পোস্টে এসব কথা জানান আসিফ মাহমুদ। পোস্টের সঙ্গে ভারতীয় কর্তৃপক্ষের পাঠানো একটি নোটিশের স্ক্রিনশটও যুক্ত করেন তিনি।

পোস্টে তিনি লেখেন, ‘ভারতে আন্দোলনকারীদের মুক্তি চেয়ে দেওয়া একটা পোস্ট ইন্ডিয়াতে ব্যান করা হয়েছে।’

এক্সে ভারতীয় একটি রাজনৈতিক দলের বট অ্যাকাউন্ট থেকে গালাগাল করা হচ্ছে উল্লেখ করে তিনি আরও লেখেন, ‘টুইটারে ভারতীয় একটা দলের বটরা গালাগাল করছে।’

এ ঘটনায় ভারতে মতপ্রকাশের স্বাধীনতা ও গণতান্ত্রিক পরিবেশ নিয়ে প্রশ্ন তুলে ব্যঙ্গাত্মক মন্তব্য করেন এনসিপির এই মুখপাত্র। পোস্টের শেষাংশে তিনি লেখেন, ‘গণতন্ত্র দেশে দেশে!’ শেয়ার করা স্ক্রিনশটে দেখা যায়, ভারতের তথ্যপ্রযুক্তি আইন, ২০০০-এর ৭৯(৩)(বি) ধারায় ভারত সরকার বা আইন প্রয়োগকারী সংস্থার দেওয়া নোটিশের ভিত্তিতে মেটা (ফেসবুক) পোস্টটির প্রবেশাধিকার ভারতে সীমিত করেছে বলে উল্লেখ রয়েছে।

